# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَن
عَائِشَةَ قَالَتْ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا أُحِبُّ أَنِّي حَكَيْتُ أَحَدًا وَأَنَّ لِي كَذَا وَكَذَا» . رَوَاهُ التِّرْمِذِيّ وَصَححهُ

বাংলা

৪৮৫৭-[৪৬] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি কারো সম্পর্কে গল্প বলা পছন্দ করি না, যদিও আমার জন্য এরূপ এরূপ হয়। (ইমাম তিরমিযী এ হাদীসটিকে সহীহ বলে উল্লেখ করেছেন।)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২৫০৩, আবূ দাঊদ ৪৮৭৫, সহীহুল জামি‘ ৫৫১৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯০১, আহমাদ ২৫৭০৮, শু‘আবুল ঈ‘মান ৬৭২০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৬৯৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَا أُحِبُّ أَنِّي حَكَيْتُ أَحَدًا) আমি কারো কিছু কাজের বর্ণনা করতে পছন্দ করি না। এ কথার অর্থ হচ্ছে : আমি কারো কথা বা কাজের দোষ-ত্রুটি বর্ণনা করতে পছন্দ করি না। (وَأَنَّ لِي كَذَا وَكَذَا) যদিও আমাকে উক্ত কথা বলার জন্য এত এত পরিমাণ কিছু দেয়া হয়।

অথবা حَكَيْتُ এর অর্থ حَاكَيْتُ অর্থাৎ আমি তার অনুরূপ কাজ করেছি। আর এ حَاكَيْتُ শব্দটি মন্দ কাজের বর্ণনার ক্ষেত্রে ব্যবহৃত হয়। তখন হাদীসের অর্থ দাড়াবে। আমি মন্দ কিছু বর্ণনা করা এবং এর বিনিময়ে পৃথিবীর এত এত পরিমাণ একত্র করতে পছন্দ করি না।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ اَلْمُحَاكَاةُ তথা অন্যের মন্দ কিছু বর্ণনা করা নিষিদ্ধ গীবতের অন্তর্ভূক্ত। যেমন-

কেউ খুড়িয়ে খুড়িয়ে হাঁটে অথবা মাথা নীচু করে হাঁটে ইত্যাদি অঙ্গ-ভঙ্গিমা প্রদর্শন করা। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75581

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন